# মাতৃদুগ্ধ বিকল্প আইন ২০১৩ এবং বিধিমালা ২০১৭

জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান

মহাখালী, ঢাকা-১২১২।

# আলোচনার বিষয়বস্তু

১। মায়ের দুধ খাওয়ানোর উপকারিতা

২। মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপনণ নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এবং বিধিমালা ২০১৭

৩। নিবন্ধন প্রক্রিয়া

৪। শাস্তিমূলক ব্যবস্থা

৫। মনিটরিং

# মায়ের দুধ খাওয়ানোর কিছু উল্লেখযোগ্য উপকারিতাঃ

**শিশুর জন্য উপকারিতা:**

- শাল দুধ শিশুর জীবনের প্রথম টিকা
- শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে
- শিশুর মানসিক বিকাশ ও শারিরিক বৃদ্ধিতে সহায়তা করে
- জন্মের ৬ মাস শিশুর সকল প্রয়োজনীয় পুষ্টির যোগান দেয়

**মায়ের জন্য উপকারিতা:**

- মায়েদের ওভারিয়ান এবং ব্রেষ্ট ক্যান্সারের ঝুকি কমায়
- মা ও শিশুর আত্নিক বন্ধন দৃঢ় হয়
- এটি মায়ের জন্য জন্ম নিয়ন্ত্রক হিসেবে কাজ করে

**পরিবার ও দেশের জন্য উপকারিতা:**

- মাতৃদুগ্ধ সবচেয়ে নির্ভরযোগ্য ও নিরাপদ খাবার
- অর্থনৈতিক সাশ্রয়
- চিকিৎসা ব্যয় হ্রাস

# গুড়াদুধ সবসময়ই শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ; দুর্যোগপূর্ণ অবস্থায় আরও বেশি ঝুঁকিপূর্ণ



জীবানু সংক্রমনের গুরুত্বপূর্ন উৎস

মাতৃদুগ্ধে উপস্থিত এন্টিবডিসমূহের মত রোগপ্রতিরোধ ক্ষমতা নেই

মাতৃদুগ্ধ বিকল্প শিশু খাদ্য পুরোপুরি জীবাণুমুক্ত নয়






বোতলজাত দুগ্ধ খাওয়ানোর ঝুঁকি

সময়, সম্পদ এবং যত্নের দিক থেকে ব্যয়বহুল

খাদ্য নিরাপদতার বিবেচনায় প্রশ্নাতীত নয়

# ২০১৩ সনের ৩৫ নং আইন

**আইনের উদ্দেশ্যঃ**

১। শিশুকে মায়ের দুধ খাওয়াতে উৎসাহিত করা

২। মাতৃদুগ্ধ বিকল্প, শিশুখাদ্য ইত্যাদির ব্যবহার নিয়ন্ত্রণ করা

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন** –

ধারা (১) এই আইন মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ নামে অভিহিত।

ধারা (৩) অন্য কোন আইনগত দলিলে যাই থাকুক না কেন এই আইনের বিধানাবলীই প্রাধান্য পাবে।

## ধারা- ৪ : মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, ইত্যাদির বিষয়ে বিধি-নিষেধঃ

### উপধারা-১

(*) মাতৃদুগ্ধ বিকল্প
(*) শিশু খাদ্য
(*) বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা
(*) উহা ব্যবহারের সরঞ্জামাদি

উপরে উল্লেখিত ৪টি পণ্য আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণের উদ্দেশ্যে, কোন বিজ্ঞাপন মূদ্রণ, প্রদর্শন, প্রচার বা প্রকাশ করা যাবে না বা এই ধরনের কোন কাজে নিয়োজিত থাকা যাবে না।

## ৪ এর উপ-ধারা ২ উল্লেখিত উপাদানগুলির বিষয়ে নিম্ন বর্ণিত কর্মকান্ড পরিচালনা করা যাবে না

- জনগণের নিকট বিশেষ করে স্বাস্থ্য, পুষ্টি বা শিক্ষা ক্ষেত্রের সাথে জড়িত কোন ব্যক্তি, ছাত্র-ছাত্রী বা তাদের পরিবারের কোন সদস্যের, নিকট ধারা ৪ এর উল্লেখিত উপাদান গুলির বিজ্ঞাপন রয়েছে এমন কোন ধরনের লিফলেট, হ্যান্ডবিল বা এই ধরনের কোন দলিল বিতরণ করা যাবে না

- শিশুদের জন্য কোন ধরনের প্রতিযোগিতা বা কোন অনুষ্ঠানের আয়োজন বা অন্য কোনরূপ সহায়তা প্রদান করা যাবে না

- শিশুর যে কোন ধরনের খাদ্য মাতৃদুগ্ধের বিকল্প, মাতৃদুগ্ধ অপেক্ষা উত্তম বা সমকক্ষ এরূপ ধারনা দেওয়া বা বিশ্বাস তৈরীর উদ্দেশ্যে কোন কর্মসূচী পরিচালনা করা যাবে না

- গর্ভবতী মহিলা, মাতৃদুগ্ধদানকারী বা শিশুর মায়েদের সহিত সরাসরি যোগাযোগ করা বা কোন ধরনের প্রলোভনমূলক প্রস্তাব করা যাবে না

- যে কোন পণ্যের বিশেষতঃ শিশু পন্যের (যেমন, ডায়পার, কাপড়, খেলনা, পুতুল, প্রসাধন সামগ্রী, টয়লেট্রিজ ইত্যাদি বিজ্ঞাপন প্রচারের সময় ধারা ৪ এ উল্লেখিত উপাদানের সহিত সম্পর্কিত কোন ধরনের লিফলেট বা উপহার সামগ্রী বিতরণ করা যাবে না

- দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ (২০১২ সনের ৩৪ নং আইন) এর ধারা ২ এর দফা (১১) তে সংজ্ঞায়িত দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্থ বা বিপদাপন্ন গর্ভবতী মহিলা, সদ্যপ্রসূত মহিলা, নবজাতক শিশু বা ৫ (পাঁচ) বৎসর বয়সের কোন শিশুকে সুরক্ষা বা তাদের ঝুঁকি হ্রাস করবার উদ্দেশ্যে এই আইনের উপাদানসমূহের কোনটি কোন প্রতিষ্ঠান বা আশ্রয়কেন্দ্রে দান বা বিতরণ করা যাবে না

- নির্ধারিত অন্য কোন কর্মকান্ড করা যাবে না

## উল্লেখিত উপাদানগুলির বিক্রয় উৎসাহিত বা প্রলুব্ধ করার লক্ষ্যে নিম্নোক্ত কাজগুলি করা যাবে না

- কোন উপহার সামগ্রী, ডিসকাউন্ট কুপন, মূল্যহ্রাস বা বিনামূল্যে কোন সামগ্রী প্রদান বা প্রদানের জন্য কোনরূপ প্রস্তাব করা যাবে না
- প্রস্তুতকৃত সংস্থা কর্তৃক আয়েজিত বা তাহাদের সহায়তায় কোন ধরনের কর্মকান্ডে অংশগ্রহণের জন্য কোন ব্যক্তি বা স্বাস্থ্য সেবা কেন্দ্রের কোন কর্মকর্তা-কর্মচারী বা স্বাস্থ্যকর্মীকে কোনরূপ আর্থিক বা অন্য কোন সুবিধা প্রদান করা যাবে না
- কোন স্বাস্থ্যকর্মী বা তাহার পরিবারের কোন সদস্যকে আর্থিক প্রলোভন বা অন্য কোন উপহার প্রদান করা যাবে না
- কোন স্বাস্থ্য সেবা কেন্দ্র (সরকারি/বেসরকারি) বা ঔষধ বিক্রয় কেন্দ্র (ফার্মেসি) ব্যবহার করা যাবে না

## বিধিনিষেধ (বিধি-৩ থেকে গৃহীত)

(ক) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (যেমন- বোতল, বোঁটা, চুষনী, কাপ ইত্যাদি) এর কোনো নমুনা কোনো শিশু, শিশুর মা বা তাহাদের পরিচর্যাকারী বা কোনো স্বাস্থ্যকর্মীকে প্রদান করা যাবে না

(খ) বোতলে দুধ খাওয়ানোর শ্রেষ্ঠতার বিষয়ে কোনো বক্তৃতা বা বিবৃতি প্রদান করাসহ কোনো ছবি প্রদর্শন করা যাবে না

(গ) আইনের উদ্দেশ্য বাস্তবায়নের সহিত স্বার্থের সংঘাত সৃষ্টি করে এইরুপ কোনো কর্মকান্ড পরিচালনা করা যাবে না

(ঘ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদির আমদানিকারক, স্থানীয়ভাবে উৎপাদনকারীর, বিপণনকারী, বিক্রেতা বা বিতরণকারীর সহযোগিতায় বা অর্থায়নে আয়োজিত কোনো কর্মসূচীর মাধ্যমে, মাতৃদুগ্ধদানকারী, শিশুর মা, শিশুর পরিচর্যাকারী, বা অভিভাবককে মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যের পুষ্টির মান বা উহার ঝুঁকিমুক্ততা সম্পর্কিত, অথবা শিশুর শারিরীক ও মানসিক উৎকর্ষতার প্রলোভন সম্বলিত, বিভ্রান্তিকর শিশু স্বাস্থ্য বিষয়ক বার্তা প্রেরণ বা তথ্য প্রচার করা যাবে না;

(ঙ) পণ্য প্রচারণার লক্ষ্যে উহার প্রস্তুতকারক, আমদানীকারক, স্থানীয়ভাবে উৎপাদনকারী, বিপণনকারী, বিক্রেতা বা বিতরণকারী প্রতিষ্ঠান কর্তৃক কোনো বিশেষ সপ্তাহ বা দিবস পালন করা যাবে না।

(চ) পণ্য সামগ্রী বিক্রয়ের পরিমানের উপর কোনো স্বাস্থ্য সেবা কেন্দ্রের কোনো কর্মচারী বা কোনো বিক্রেতাকে কমিশন, আর্থিক সুবিধা বা উপহার সামগ্রী প্রদান করা যাবে না।

# বিধিনিষেধ (বিধি-৫ থেকে গৃহীত)

আইনের ধারা -৬ এর উপধারা (২) এর দফা (ঘ) এর উদ্দেশ্য পূরণকল্পে, ধারণপাত্র বা মোড়কে বাংলা বা অন্য কোনো ভাষার নিম্নবর্ণিত কোনো বিবৃতি অন্তর্ভূক্ত করা যাবে না। যথা:

(ক) এই পণ্য চিকিৎসক কর্তৃক অনুমোদিত, পরামর্শকৃত বা নির্দেশিত বা অনুরূপ অন্য কোনো অভিব্যক্তি বা বিবৃতি;

(খ) এই পণ্য সম্পূর্ণ আমিষ খাদ্য বা শক্তিদায়ক খাদ্য বা সম্পূর্ণ খাদ্য বা স্বাস্থ্যকর খাদ্য বা অনুরূপ অন্য কোনো অভিব্যক্তি বা বিবৃতি;

**মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ইত্যাদি আমদানী, স্থানীয়ভাবে উৎপাদন, বিক্রয় ইত্যাদি সংক্রান্ত বিধান (ধারা-৫)**

এই আইনের অধীন নিবন্ধন ব্যতীত কোন প্রকার মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদি আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণ করা যাবে না।

# নিবন্ধন প্রক্রিয়া

## মাতৃদুগ্ধ বিকল্প, শিশুখাদ্য, ইত্যাদির নিবন্ধন (ধারা-১০)

(ক) পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যের নিবন্ধন প্রদান করবেন।

(খ) উপধারা (১) এর অধীন, নিবন্ধন প্রাপ্তির জন্য প্রতিটি আবেদন পরিচালকের নিকট, নির্ধারিত পদ্ধতিতে, ফরমে, শর্তে ও ফিস প্রদানক্রমে দাখিল করতে হবে।

(গ) নিবন্ধনের মেয়াদ হবে নিবন্ধন প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসর এবং এটা নির্ধারিত ফিস প্রদান সাপেক্ষে নির্ধারিত মেয়াদে নবায়ন যোগ্য হবে।

# শাস্তিমূলক ব্যবস্থা

# নিবন্ধন স্থগিত ও বাতিলকরণ, ইত্যাদি শর্তসমূহ (ধারা-১১)

- এই আইন বা তদধীন প্রনীত বিধির কোন বিধান লংঘন করা হলে বা
- নিবন্ধন সনদে উল্লিখিত কোন শর্ত ভঙ্গ করা হলে বা
- কোন ভুল বা অসত্য তথ্য প্রদান করা হলে

পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান নির্ধারিত পদ্ধতিতে, নিবন্ধন স্থগিত বা ক্ষেত্রমতে বাতিল করতে পারবেন।

# দন্ড (ধারা ১২)

(ক) এই আইনের কোন বিধান লংঘন করা হলে শাস্তিসমূহ

- অনূর্ধ্ব ৩ (তিন) বৎসর কারাদন্ড অথবা
- অনূর্ধ্ব ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা অর্থদন্ড অথবা
- উভয় দন্ডে দন্ডনীয় হবে।

(খ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদির কারণে কোনো শিশু অসুস্থ হলে বা মৃত্যুবরণ করলে সেটা হবে এই আইনের অধীন একটি শাস্তিযোগ্য অপরাধ, যার শাস্তি

- ১০ (দশ) বৎসর কারাদন্ড বা
- অনূর্ধ্ব ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অর্থদন্ড বা
- উভয় দন্ডে দন্ডনীয় হবে

অর্থদন্ড ক্ষতিপূরণ হিসেবে ক্ষতিগ্রস্ত শিশুর পরিবারকে নির্ধারিত পদ্ধতিতে প্রদান করা হবে।

## ধারা-১৫

- কোন অপরাধ সংঘটিত হলে অপরাধের সাথে সম্পৃক্ত পণ্য-সামগ্রী, যন্ত্রপাতি বাজেয়াপ্তযোগ্য বা ক্ষেত্রমতে বিনষ্টযোগ্য হবে।

## ধারা-১৬

- এই আইনের বিধান মতে পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান বা তাঁর নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা, অপরাধের সাথে সম্পৃক্ত কোন বস্তু বা পণ্য বা কোন ভবন, গোডাউন বা কোন স্থানে লুকানো বা রাখা হয়েছে বা গুদামজাত করা হয়েছে বা হচ্ছে এমন যে কোন স্থান বা যানবাহনে প্রবেশ করতে বা তল্লাশী করতে পারবেন।

ধারা-১৮

➢এই আইনের অধীন অপরাধ, মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) অনুসারে বিচার করা যাবে।

ধারা-২০

➢ ফৌজদারী কার্যবিধিতে যা কিছুই থাকুক না কেন এই আইনের অধীন অপরাধসমূহ আমলযোগ্য ও জামিন অযোগ্য হবে।

## মাতৃদুগ্ধ বিকল্প খাদ্যের ব্যবস্থাপত্র প্রদানের ক্ষেত্রে অনুসরনীয় বিধান (বিধি ৪)ঃ

আইনের উদ্দেশ্য পূরণ করলে শিশুর জীবন রক্ষা ও স্বাস্থ্য ঝুঁকি হ্রাসকরণের লক্ষ্যে একান্তভাবে অপরিহার্য বিবেচিত হলে, বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) এর অধীন নিবন্ধিত ও রেজিস্ট্রারভুক্ত কোনো মেডিকেল চিকিৎসক, উপযুক্ত প্রমাণাদির ভিত্তিতে, কেবল মাতৃদুগ্ধ বিকল্প খাদ্যের কোনো ব্যবস্থাপত্র প্রদানসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে পারবেন।

সূত্রঃ মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, ও বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৭।

# আইন লঙ্ঘনের কিছু উদাহরণঃ


MARKS
Full Cream Milk Powder
PENCIL BOX FREE
Nestle
NIDO
FortiGrow
Vitalac
Full Cream
Milk Powder
Full Cream
ALL NATURAL


Vitalac
Full Cream
Milk Powder
VITALAC FULL CREAM MILK PWDR 400G PKT
BUY 2 GET 1 FREE!!
SAVE-230 tk
BUY 2 GET 1 FREE!
SAVE-230 tk




Agora
Quality you can trust
www.agorasuperstores.com
চলবে ২৩ - ২৬ জুলাই, ২০১৮ পর্যন্ত
FOOD
MARKS Active School
৪ থেকে ১৬ বছর বয়সীদের পরিপূর্ণ পুষ্টির জন্য আদর্শ দুধ
মার্কস অ্যাক্টিভ স্কুল কেন জরুরী ?
MARKS Young Star
MARKS Gold
একটি ক্রয় করে বুঝে নিন
ফ্রি



HEALTH CORNER
LACTOGEN
BIOMIL
fassmil
NIDO
Ensure


মেসার্স
মজিদ স্টোর


মেসার্স জননী


Hygiene Corner
Agreement
হাইজিন কর্নার
এগ্রিমেন্ট
Nestlé House
Agreement
নেসলে হাউজ
এগ্রিমেন্ট

# মনিটরিং কার্যক্রম


পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
বিভাগীয় পরিচালক মহোদয়
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (সিটি কর্পোরেশন)
পরিচালক মেডিকেল কলেজ হাসপাতাল
সিভিল সার্জন
ডি সি মহোদয় (মোবাইল কোর্ট)
হাসপাতাল সুপারিনটেনডেন্ট
মোবাইল কোর্ট
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
উপজেলা নির্বাহী কর্মকর্তা
স্যানিটারি ইন্সপেক্টর

# পরিচালক (জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান) এর কার্যাবলী

১। পণ্যের রেজিস্ট্রেশন প্রদান করবেন

২। ক্ষেত্রমতে রেজিস্ট্রেশন/নিবন্ধন স্থগিত/বাতিল করবেন

৩। গুদাম তল্লাশি ও অপরাধের সাথে সম্পৃক্ত পণ্য-সামগ্রী, যন্ত্রপাতি বাজেয়াপ্ত বা ক্ষেত্রমতে বিনষ্ট করবেন

৪। বিভিন্ন পর্যায় থেকে প্রাপ্ত তথ্য পর্যালোচনা বা যাচাই-বাছাই করবেন

৫। প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন (যেমনঃ মামলা করা/ লিখিতভাবে সতর্ক করা/ মোবাইল কোর্ট পরিচালনা করা ইত্যাদি)

# কিছু গুরুত্বপূর্ণ তথ্য

১। এই আইন ও বিধিমালা দ্বারা ৪ (চার) টি পণ্য মনিটর বা নিয়ন্ত্রণ করা যাবে। যথা:


(*) মাতৃদুগ্ধ বিকল্প
(*) শিশু খাদ্য
(*) বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা
(*) উহা ব্যবহারের সরঞ্জামাদি

২। এই আইন ও বিধিমালা দ্বারা শুধুমাত্র ৫ (পাঁচ) বছরের নিচের শিশুদের জন্য প্রস্তুতকৃত উল্লেখিত ৪ (চার) টি পণ্য নিয়ন্ত্রণ করা যাবে।

৩। যে কোনো সচেতন নাগরিক আইনের কোনো ধারা লংঘনের ব্যাপারে রিপোর্ট করতে পারবেন এবং প্রয়োজন মনে করলে মামলা করতে পারবেন।

# বাংলাদেশ বিএমএস অ্যাক্টের মোবাইল অ্যাপ্লিকেশনভিত্তিক মনিটরিং

- মোবাইল অ্যাপ্লিকেশনভিত্তিক মনিটরিংয়ের জন্য BMS Act Checklist Monitoring Tool-টি DHIS2- এ সংযুক্ত করা হয়েছে, যা রিয়েল-টাইম ডিজিটাল প্রমান এবং স্বচ্ছ ট্র্যাকিং নিশ্চিত করে।
- WHO এবং UNICEF প্রণীত NetCode মনিটরিং কাঠামোর ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে।



# বাংলাদেশের অর্জন ও স্বীকৃতি (আগষ্ট, ২০২৪)

unicef
for every child

## Strengthening National Legal Measures to Protect Breastfeeding in South Asia

Successes and lessons

Examples of progress were already evident in the 18-month implementation period of the regional initiative. These included the adoption of innovative means to monitor and enforce Code-compliant labelling provisions; adoption of legally binding Code measures by some governments; update of the legislative framework and establishment of monitoring and enforcement mechanisms; resolution of conflicts of interest; and revision and strengthening of existing legislation.

**Bangladesh** has witnessed considerable success in the oversight and compliance of labelling requirements as a result of the regional initiative. The resumption of a closed registration process and the establishment of a cell for breast-milk substitute products are reaping benefits, resulting in plainer, more Code-compliant labelling that eliminates the promotional aspects found on similar labels in other countries.


**Bhutan** has incorporated the provisions of the Code into a Food and Nutrition Security Policy, which was endorsed in November 2023. Implementation of all provisions of the Code and subsequent World Health Assembly Resolutions is being mandated in the Food and Drug Bill of Bhutan, which will form the parent act when enacted, authorizing the government to issue the necessary legally enforceable regulations to achieve full implementation, monitoring and enforcement.

**Maldives** has drafted the Maldives Food Safety Bill as a result of the legislative review carried out under this initiative. The Bill, when enacted, will be the parent act to the Regulation on Import, Produce and Sale of Breast Milk Substitutes and will provide it the legal authority to enforce provisions.

**Nepal** is amending its Mother's Milk Substitutes (Control of Sale and Distribution) Act, 2049, to incorporate the major provisions of recent advances in the implementation, monitoring and enforcement of the Code, including the Model Law, World Health Assembly Resolutions and the 2016 World Health Organization (WHO) Guidance on Ending the Inappropriate Promotion of Foods for Infants and Young Children.

**Pakistan** has seen the adoption of the Sindh Protection and Promotion of Breast-Feeding and Young Child Nutrition Act, 2023, by the Sindh Assembly. The 2023 Act, which revises a 2013 Act, incorporates the recommendations of the 2016 WHO Guidance.

**Sri Lanka** has undertaken to expedite the development of a comprehensive law on the protection of breastfeeding by 2024, incorporating all provisions of the Code, subsequent World Health Assembly Resolutions and the 2016 WHO Guidance.


**Bangladesh** has witnessed considerable success in the oversight and compliance of labelling requirements as a result of the regional initiative. The resumption of a closed registration process and the establishment of a cell for breast-milk substitute products are reaping benefits, resulting in plainer, more Code-compliant labelling that eliminates the promotional aspects found on similar labels in other countries.

# Bangladesh: Leading the way in labelling requirements and enforcement

## Progress in strengthening national legal measures

To address the gaps and weaknesses identified in the current legal measures (*see Table 2*), the Government of Bangladesh has made a commitment to swiftly enact legislation in line with its mandate.

A draft proposal to amend the 2013 Breast-milk Substitutes, Infant Foods, Commercially Manufactured Complementary Foods and the Accessories Thereto (Regulation of Marketing) Act to update it in line with subsequent WHA Resolutions (2016, 2018) is under review by the Legislative Department, after an analysis was conducted with support from WHO Bangladesh.

The implementation of the 2013 Act falls under the jurisdiction of the Director of the Institute of Public Health Nutrition, who is advised by a nine-member National Advisory Committee in accordance with the 2013 Act and 2017 Breastmilk Substitute, Infant Food, Commercially Manufactured Infant Additional Food and Use of Equipment (Regulation of Marketing) Rules. The committee is led by the Secretary of the Health Service Division and the secretary is the Director of the Institute of Public Health Nutrition. The chairman of the committee has issued a government order to clearly define the committee's membership, which includes a representative from WHO Bangladesh, thus clearing up a previous lack of clarity and enabling meetings to proceed at least once every three months according to the rules.

The Institute of Public Health Nutrition is finalizing a public awareness television advertisement, with support from WHO and UNICEF, on the violations of the Code and the punitive measures that may be taken.

Administrative approval has been obtained from the Ministry of Health and Family Welfare to conduct an on-the-ground bottleneck analysis to review barriers to legislation and implementation as well as field monitoring. In this regard, the Institute of Public Health Nutrition has engaged two experts on the field implementation of the monitoring mechanism.

In 2023, an analysis was conducted to identify barriers to field monitoring in the health care system, markets and mass media, and the Institute of Public Health Nutrition has prepared a primary draft of the analysis. Findings will inform appropriate procedure and instruments to be adopted for effective and enforceable Code implementation (by December 2024).

**Figure 2:** **Examples of labelling before and after compliance with national legal measures in Bangladesh***




Source: Ministry of Health and Family Welfare, Government of Bangladesh.

*Note the removal of all graphic representations, including promotional elements, other than for illustrating methods of preparation in the 'after' versions of the labels, in accordance with Article 10 of the 2013 Breast-milk Substitutes, Infant Foods, Commercially Manufactured Complementary Foods and the Accessories Thereto (Regulation of Marketing) Act.

# ধন্যবাদ

